

# শিক্ষাবর্ষ ২০১৯ উপবৃত্তিভোগি শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ সংক্রান্ত

Yahoo/Inbox

## • SPBMU, Ministry of Finance <mofspbmu@gmail.com>

To: seodohar@gmail.com, useonawab@gmail.com, useogazipur@gmail.com, useo.kaligonj.gazi@gmail.com, useokapasia2012@gmail.com and 178 more...

Dec 31 at 1:25 PM

### উপবৃত্তিভোগি শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ সংক্রান্ত

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে হারমোনাইজড স্টাইপেন্ড প্রোগ্রাম এর স্কীম ডিরেক্টর একটি পত্র প্রেরণ করেছেন শিক্ষার্থীদের হালনাগাদ তথ্য প্রেরণের জন্য। পত্রটি সংক্ষিপ্ত হওয়ায় মাঠ পর্যায়ের অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বুঝতে সমস্যা হচ্ছে। বিষয়টির বিস্তারিত ব্যাখ্যা নিম্নরূপঃ

#### ১। ঝরে পড়া/বাদ পড়া :

শিক্ষাবর্ষ ২০১৯ এর জন্য উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করা হয়েছে জানুয়ারি-জুন মেয়াদে। এই মেয়াদের উপবৃত্তির টাকা (প্রথম কিস্তি) ইতিমধ্যে বিকাশের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। বর্তমানে ২০১৯ শিক্ষাবর্ষের জুলাই-ডিসেম্বর (দ্বিতীয় কিস্তি) মেয়াদের উপবৃত্তি প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কিন্তু পরীক্ষায় অনুত্তীর্ণ হওয়া, বিবাহ করা, শিক্ষাপ্রতিষ্ঠান ত্যাগ করা ইত্যাদি কারণে ইতিমধ্যে তালিকাভুক্ত শিক্ষার্থীদের কেউ কেউ উপবৃত্তি পাওয়ার অযোগ্য হতে পারে। ফলে জানুয়ারী-জুন মেয়াদে উপবৃত্তির জন্য চূড়ান্ত নির্বাচিতদের মধ্য থেকে উপবৃত্তির শর্ত মোতাবেক যেসব শিক্ষার্থী অযোগ্য বিবেচিত হবে তারাই ঝরে পড়া বা বাদ পড়া শিক্ষার্থী। প্রেরিত পত্র মারফত এইসব অযোগ্য বা ঝরে পড়া বা বাদ পড়া শিক্ষার্থী তালিকা প্রেরণের অনুরোধ করা হয়েছে।

#### ২। SSC/দাখিল পরীক্ষার্থীদের তথ্য :

শিক্ষাবর্ষ ২০১৯ এর জন্য উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যারা নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করেনি, নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং নির্বাচনী পরীক্ষায় কৃতকার্য হয়েছে তাদের তালিকা আলাদাভাবে পাঠাতে অনুরোধ করা হয়েছে।

এ সকল তথ্য প্রাপ্তি এবং HSP MIS এ হালনাগাদ করা সাপেক্ষে উপবৃত্তির দ্বিতীয় কিস্তি (জুলাই-ডিসেম্বর ২০১৯) G2P (Government to Person) পদ্ধতিতে প্রেরণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

Thanks & Regards

**SPBMU MIS TEAM**

**SPFMSP PROJECT**

Finance Division, Ministry of Finance

**Hotline : 01768194532 (for HSP, MoE 9.00 AM to 5.00 PM)**

**Hotline : 01824915409 (for HSP, MoE 9.00 AM to 5.00 PM)**